

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জননিরাপত্তা বিভাগ

পুলিশ-১ শাখা

www.mhpsd.gov.bd



নম্বর: ৪৪.০০.০০০০.০৯৪.০৮.০৩৪.২১.৬৪৮

তারিখ: ১১ বৈশাখ ১৪৩০

২৪ এপ্রিল ২০২৩

প্রজ্ঞাপন

জনাব আফরিদা বুবাই, পিপিএম (বিপি-৮০০৬১২১৩৯৮), সহকারী পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা-কে কানাডার Saskatchewan Polytechnic-এ 'Business Management and Business Accountancy' শীর্ষক পোস্ট গ্রাজুয়েট কোর্সে অধ্যয়নের নিমিত্ত আগামী ২৮-৮-২০২৩ হতে অথবা ছুটি ভোগের তারিখ হতে ২ (দুই) বছর শিক্ষা ছুটি অর্ধগড় বেতনে নিম্নবর্ণিত শর্তে মঞ্জুর করা হলো।

শর্তাবলি :

- (ক) ছুটিকালীন বেতন-ভাতাদি বিধিমোতাবেক তিনি বাংলাদেশি মুদ্রায় গ্রহণ করবেন;
- (খ) এ কোর্সে অংশগ্রহণে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (গ) কোর্স অবশ্যই সমাপ্ত করতে হবে;
- (ঘ) কোর্সের বিষয় পরিবর্তন করা যাবে না;
- (ঙ) কোর্স সমাপনান্তে তিনি অনতিবিলম্বে কর্মস্থলে যোগদান করবেন;
- (চ) অনুমোদিত সময়ের পরে দেশের বাইরে অবস্থান করতে পারবেন না;
- (ছ) সরকারি অন্যান্য সকল বিধিবিধান অনুসরণ করতে হবে;
- (জ) সরকার জনস্বার্থে যে কোন সময় তার ছুটির আদেশ বাতিল করতে পারবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৪-৪-২০২৩

মোঃ মাহাবুর রহমান শেখ

সিনিয়র সহকারী সচিব

ফোন: +8802223353710

ইমেইল:

নম্বর: ৪৪.০০.০০০০.০৯৪.০৮.০৩৪.২১.৬৪৮/১(১১)

তারিখ: ১১ বৈশাখ ১৪৩০
২৪ এপ্রিল ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
- ৩) পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
- ৪) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
- ৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, জননিরাপত্তা বিভাগ (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৬) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
- ৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৮) জনাব আফরিদা রুবাই, পিপিএম (বিপি-৮০০৬১২১৩৯৮), সহকারী পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
- ৯) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ১০) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,
- ১১) প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)